তারিখ 19 SEP 2017
পৃষ্ঠা ৩ কলাম ২

# ঢাবির 'গ' ইউনিটে পাসের হার ১৪.৭৫

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ব্যবসায় শিক্ষা অনুষদভুক্ত 'গ' ইউনিটের ভর্তি পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। এবার এতে পাসের হার ১৪ দশমিক ৭৫ শতাংশ। এ ছাড়া চারুকলা অনুষদভুক্ত 'চ' ইউনিটের ফল (সাধারণ জ্ঞান) প্রকাশিত হয়েছে, যাতে উত্তীর্ণ হয়েছেন এক হাজার ৫৫২ জন। গতকাল সোমবার সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মো. আখতারুজ্জামান আনুষ্ঠানিকভাবে ফল ঘোষণা করেন। এ সময় আরও উপস্থিত ছিলেন– ব্যবসায় শিক্ষা অনুষদের ডিন অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম, ভারপ্রাপ্ত প্রক্টর এম আমজাদ আলী, চারুকলা অনুষদের ডিন নিসার হোসেন, অনলাইন ভর্তি কমিটির আহ্বায়ক অধ্যাপক হাসিবুর রশীদ প্রমুখ।

'গ' ইউনিটে ভর্তি পরীক্ষায় এবার ২৮ হাজার ২৪৮ জন অংশ নেন। এর মধ্যে চার হাজার ১৬৮ জন উত্তীর্ণ হন। তাদের মধ্যে শীর্ষ এক হাজার ২৫০ জন ভর্তির সুযোগ পাবেন। উচ্চ মাধ্যমিক পরীক্ষার রোল নম্বর, বোর্ডের নাম, পাসের সাল এবং মাধ্যমিক পরীক্ষার রোল নম্বরের মাধ্যমে admission.eis.du.ac.bd ওয়েবসাইট পরীক্ষার ফল জানতে পারবেন। এ ছাড়া যে কোনো মোবাইল ফোন থেকে DU GA<Roll no টাইপ করে ১৬৩২১ নম্বরে এসএমএস পাঠিয়েও ফল জানতে পারবেন।

মেধাক্রম ১ থেকে ১২৫০ আগামী ২৫ সেপ্টেম্বর থেকে ৮ অক্টোবরের মধ্যে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট admission.eis.du.ac.bd তে গিয়ে বিস্তারিত ফরম ও বিষয়ের পছন্দক্রম ফরম পূরণ করতে পারবেন। উত্তীর্ণ শিক্ষার্থীদের মধ্যে বিভিন্ন কোটায় আবেদনকারীদের ১৯ থেকে ২৬ সেপ্টেম্বরের মধ্যে বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অফিস থেকে ফরম সংগ্রহ করে যথাযথভাবে পূরণ করে জমা দিতে হবে। ফল নিরীক্ষণের জন্য নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে ১৯ থেকে

পৃষ্ঠা ১৩ : কলাম ৮

## ঢাবির 'গ' ইউনিটে

[তৃতীয় পৃষ্ঠার পর]

২৬ সেপ্টেম্বরের মধ্যে বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অফিসে আবেদন করা যাবে।

'চ' ইউনিটে ভর্তিচ্ছু মোট ১৩ হাজার ৪৭৮ জন ছাত্রছাত্রীর মধ্যে ১১ হাজার ৭৪ জন সাধারণ জ্ঞান পরীক্ষায় অংশগ্রহণ করেন। মোট এক হাজার ৫৫২ জন পরীক্ষায় পাস করেছেন। উত্তীর্ণরা অঙ্কন পরীক্ষায় অংশগ্রহণ করবেন। অঙ্কন পরীক্ষা ২৩ সেপ্টেম্বর ২০১৭ সকাল ১০টা থেকে বেলা সাড়ে ১১টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। এ ইউনিটে মোট আসন সংখ্যা রয়েছে ১৩৫টি। বিস্তারিত তথ্য বিশ্ববিদ্যালয়ের admission.eis.du.ac.bd ওয়েবসাইট থেকে জানা যাবে।